

জগন্নাথ প্রসাদ কুকুর-মুখ-ভ্রষ্ট।  
 লভিতে বিরিক্ষি বিষ্ণু শিবের অভীষ্ট।  
 স্বয়ং ভগবান মুখ চর্বির্ভিত চব্বর্ন।  
 মালাবতী সতী তাহা করিল ভক্ষণ।  
 শীল যথা শত কুস্ত জলে সিদ্ধ নয়।  
 প্রেমে দ্রবীভূত নয় পাষণ্ড-হৃদয়।  
 বিশেষ থাম্য লোকের ছিল অনুরোধ।  
 তাহা দেখি নায়েবের উপজিল ক্রোধ।  
 ডেকে বলে দশরথে 'ওরে বনগরুণ।  
 মজাইবি দেশ শুদ্ধ করে নিলি শুরু।  
 ওরে বেটা ভণ্ড তুই আয় দেখি শুনি।  
 কি বুঝিয়া ছেড়ে দিলি ঘরের রমণী।  
 এত মেয়ে লোক কেন দেখি তোর ঘরে।  
 ঠাকুরে লইয়া কেন এত প্রেম করে।  
 ভাল ভাল অই যদি ঠাকুর হইবে।  
 মেয়েদের সঙ্গে কেন এ রঙ্গ করিবে?'  
 দশরথ বলে 'বাবু মোর দোষ কিসে।  
 যার যার নারী সেই সেই ল'য়ে আসে।  
 জেনে শুনে বল বাবু কেবা করে দোষ।  
 প্রভুকে আনিমু আমি হইয়া সন্তোষ।  
 ঠাকুর আছেন মত্ত হরিনাম গানে।  
 পাষণ্ড গলিত হয় এ নামের গুণে।  
 মেয়েরা এসেছে সবে নাম-আকর্ষণে।  
 অগ্নি দেখে পতঙ্গিনী থাকিবে কেমনে?'  
 নায়েব কহিছে 'কেন হলুধ্বনি দেয়?'  
 দশরথ বলে 'হয় আনন্দ উদয়।'  
 নায়েব কহিছে 'কেন পদ ধরি পড়ে?'  
 দশরথ বলে 'শুধু গাঢ় ভক্তি করে।'  
 নায়েব কহিছে 'তোর নারী কোন প্রেমে।  
 ঠাকুরের কাছে বৈসে মেতে কোন নামে?'  
 দশরথ বলে 'ইহা কভু নহে মন্দ।  
 এ আমার বহু ভাগ্য পরম আনন্দ।'

নায়েব কহিছে 'ওরে ভণ্ড তপস্বী?  
 যাহা শুনিয়াছি তাহা দেখিলাম আসি।  
 এ হেন কুকর্ম কেবা দেখেছে কোথায়।  
 ঠাকুরের ত্যজ্য চাবা তোর নারী খায়।  
 নারীলোক সঙ্গে করে হরিনাম গান।  
 শীঘ্র ভণ্ড তপস্বীরে বাহিরেতে আন।  
 কোন প্রেম করে নারী লোক সমিভ্যরে।  
 নিয়া আয় আমি তাই জিজ্ঞাসি ঠাকুরে।'  
 দশরথ বলে 'বাবু স্থির কর মন।  
 আমি সব বলিতেছি ক্রোধ কি কারণ।  
 সাধু-মুখামৃত খাবে শাস্ত্রে ইহা আছে।  
 গৌরাজ লীলায় এর প্রমাণ রয়েছে।  
 বৈষ্ণব বন্দনা মধ্যে মধুর আখ্যান।  
 গৌরাজের নিষ্ঠীবন নারীলোকে খান।  
 বন্দিব বৈষ্ণবী শ্রীমাধবী ঠাকুরাণী।  
 প্রভু যাঁরে 'আলবাটী' বলেন আপনি।  
 গৌরাজ যখন নিষ্ঠীবন ফেলাইত।  
 বদন ব্যাদন করি মাধবী খাইত।  
 থুথু করি যখন ফেলিত নিষ্ঠীবন।  
 মুখে মুখে মাধবী তা করিত গ্রহণ।  
 কাকী যে আহাির আনি বাছারে খাওয়ায়।  
 তেমনি মাধবী দেবী খাইত সদায়।  
 বিশেষতঃ ভগবান মুখ নিষ্ঠীবন।  
 মম নারী খেল তার সফল জীবন।'  
 নায়েব কহিছে 'বেটা ভাদ্দিব ভণ্ডতা।  
 করেছিস্ এতদিন আজ যাঁবি কোথা।  
 আন অই ঠাকুরকে কাছারী লইব।  
 আজ অই ঠাকুরের মর্ষ কি শুনিব।  
 দশরথ বলে 'আমি প্রাণে যদি মরি।  
 সেও ভাল প্রভু কেন যাবেন কাছারী?  
 করি মানা ঘরে নাহি যেও কোন জন।  
 মচ্ছের সাধন কিস্বা শরীর পতন।'